



বড়াইগ্রাম উপজেলা আইসিটি কমিটির মাসিক সভা আগস্ট/২০২১

সভাপতি	মো: জাহাঙ্গীর আলম উপজেলা নির্বাহী অফিসার
সভার তারিখ	৩১/০৮/২০২১
সভার সময়	দুপুর ২ঃ৩০ ঘটিকায়
স্থান	উপজেলা পরিষদ সভাকক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট 'ক'

সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দকে স্বাগত জানান। সভাপতি কোভিড-১৯ এর দুর্যোগকালীন সময়ে সকলকে স্বাস্থ্যবিধি মেনে চলার অনুরোধ করে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতির আহ্বানে সদস্য সচিব গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। সভায় নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১.১	উপজেলা ও ইউনিয়ন পরিষদের ওয়েব পোর্টালের তথ্য	এ উপজেলার প্রতিটি অফিসের নিজস্ব পোর্টাল ও ইউনিয়ন ওয়েব পোর্টালের তথ্য হালনাগাদ করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। সদস্য সচিব উল্লেখ করেন, গত মাসে জুন মাসে ওয়েব পোর্টাল বিষয়ক প্রতিটি দপ্তরের ১ জন করে প্রতিনিধিদের প্রশিক্ষণ প্রদান করা হয় এবং মুক্তপাঠ এ কিভাবে অনলাইন প্রশিক্ষণ সম্পন্ন করা যায় সে বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়েছিল।	প্রতিটি দপ্তরের পোর্টাল হালনাগাদ বা অন্য কোন সমস্যা আছে কি না তা যাছাইতে পুনরায় প্রতিটি দপ্তরে চিঠি প্রদান করার সিদ্ধান্ত হয়।	উপজেলা সহকারী প্রোগ্রামার ও সকল অফিসার
১.২	ই-নথি কার্যক্রম	ই-নথির কার্যক্রম বিষয়ে সভাপতি বলেন যে, সকল দপ্তরে দ্রুত ই-নথি চালু হয়ে যাবে এবং ই-নথির নতুন ভার্সন ডি-নথি চালু হতে যাচ্ছে। সদস্য সচিব বলেন, আগামী মাসের মধ্যে ডি-নথির প্রশিক্ষণ আইসিটি অধিদপ্তরের মাধ্যমে সম্পন্ন হবে।	আগামী মাসে অন্তত তিনটি দপ্তর উপজেলা কৃষি অফিস, উপজেলা ভূমি অফিস এবং উপজেলা মহিলা বিষয়ক অফিসে ই-নথির মাধ্যমে কার্যক্রম চালানোর সিদ্ধান্ত হয়।	উপজেলা সহকারী প্রোগ্রামার ও সংশ্লিষ্ট অফিসার
১.৩	উপজেলা উদ্যোক্তাদের তথ্য	সভায় উদ্যোক্তাদের উপস্থিতি না থাকায় আলোচনা হয়নি। সভাপতি উল্লেখ করেন, আইসিটি সভায় উদ্যোক্তাদের উপস্থিতি নিশ্চিত করতে হবে।	ইউনিয়ন পর্যায়ে সরকারী ডিজিটাল কার্যক্রমে উদ্যোক্তাদের সংশ্লিষ্ট করে তাদের সম্পৃক্ত করতে হবে বলে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার / উপজেলা সহকারী প্রোগ্রামার / চেয়ারম্যান, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ

১.৪	শেখ রাসেল ডিজিটাল ল্যাব	করোনাকালীন সময়ে প্রতিষ্ঠান বন্ধ থাকায় শেখ রাসেল ডিজিটাল ল্যাব এর পরিবেশ ও ডিভাইস গুলোর পরিস্থিতি সম্পর্কে জানতে চান সভাপতি। সভায় উপস্থিত প্রতিষ্ঠান প্রতি নিধিগণ ল্যাব এর পরিস্থিতি সম্পর্কে অবহিত করেন এবং ডিভাইসগুলো ঠিক আছে বলে নিশ্চিত করেন। সদস্য সচিব উল্লেখ করেন, মৌখাড়া বিএম এন্ড টেকনিক্যাল কলেজের প্রতিষ্ঠান প্রায় বিলুপ্ত, উক্ত প্রতিষ্ঠানে ল্যাবের পরিস্থিতি জানার জন্য অধ্যক্ষের সাথে যোগাযোগ করলেও কোন সহযোগিতা করেন না। সরেজমিনে প্রতিষ্ঠানে গেলেও প্রতিষ্ঠান বন্ধ পাওয়া যায় বলে জানান সদস্য সচিব। পূর্বে একাধিকবার চিঠি প্রদান করা হয়েছে কিন্তু এর জবাব লিখিত আকারে পাওয়া যায় নি।	শেখ রাসেল ডিজিটাল ল্যাব কার্যক্রম যেন ব্যাহত না হয় তার জন্য মাধ্যমিক শিক্ষা অফিসার ও সহকারী প্রোগ্রামারকে নির্দেশনা দেওয়া হয়। এছাড়াও মৌখাড়া বিএম এন্ড টেকনিক্যাল কলেজের অধ্যক্ষ বরাবর চিঠি প্রদান করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত নেওয়া হয়।	উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা সহকারী প্রোগ্রামার
১.৫	শিক্ষা প্রতিষ্ঠানে ওয়েব সাইট তৈরী	সভায় সভাপতি বলেন যে, ওয়েব সাইট তৈরির জন্য মাধ্যমিক শিক্ষা অফিসারের পক্ষ হতে শিক্ষাপ্রতিষ্ঠানসমূহে চিঠি দিয়েছেন কিনা। মাধ্যমিক শিক্ষা অফিসার এই বিষয়ে বলেন যে চিঠি দেওয়া হয়েছে।	সভাপতি মাধ্যমিক শিক্ষা অফিসারকে নির্দেশনা দেন যে নির্ধারিত তারিখের মধ্যে দ্রুত ওয়েব সাইটের কাজ শেষ করার জন্য চিঠি প্রদান করতে হবে।	মাধ্যমিক শিক্ষা অফিসার ও উপজেলা সহকারী প্রোগ্রামার

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



মো: জাহাঙ্গীর আলম
উপজেলা নির্বাহী অফিসার


স্মারক নম্বর: ৫৬.০৪.৬৯১৫.০০০.০৬.০০১.২০.২

তারিখ: ২৪ ভাদ্র ১৪২৮

০৮ সেপ্টেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
- ২) জেলা ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর
- ৩) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর
- ৪) প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, নাটোর



আব্দুর রহমান আনসারী
সহকারী প্রোগ্রামার